সংবাদ

তারিখ ..27. NOV. 2016.....
পৃষ্ঠা ..১৬.. কলাম....2......

# প্রাথমিকের এক কোটি ৩০ লাখ শিশুকে উপবৃত্তি দেয়া হচ্ছে

নিজস্ব বার্তা পরিবেশক

বর্তমানে সারাদেশের প্রাথমিক বিদ্যালয়ের এক কোটি ৩০ লাখ শিশুকে উপবৃত্তি দেয়া হচ্ছে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান। তিনি বলেন, 'যাদের তিনটি সন্তান প্রাথমিক বিদ্যালয়ে পড়ে তারাও উপবৃত্তি পাবে।' বিশ্ব শিশু দিবস উপলক্ষে গতকাল বিকেলে রাজধানীর সেগুনবাগিচায় কচি-কাঁচার মেলা অডিটরিয়ামে আয়োজিত এক আলোচনা সভায় গণশিক্ষামন্ত্রী এ তথ্য জানান। 'এভারগ্রিন জুম বাংলাদেশ' এ অনুষ্ঠানের আয়োজন করে। গণশিক্ষামন্ত্রী আরও বলেন, 'আমরা প্রাথমিক বিদ্যালয়ের এনভায়রনমেন্টকে (পরিবেশ) এমন জায়গায় নিয়ে যাব- যেখানে ২০২১ সালের মধ্যে দেশের সব প্রাথমিক বিদ্যালয়ের চেহারা পুরোপুরি পাল্টে ফেলা হবে।'

প্রাথমিক শিক্ষকদের বর্তমানে ৪৪ ধরনের প্রশিক্ষণ দেয়া হচ্ছে জানিয়ে মন্ত্রী বলেন, 'বাচ্চাদের সঙ্গে কেমন আচরণ করতে হবে- সে সম্পর্কেও শিক্ষকদের প্রশিক্ষণ দেয়া হচ্ছে। উন্নতমানের পাঠদানের জন্য শিক্ষকরা বিদেশ থেকেও প্রশিক্ষণ পাচ্ছেন।'

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে বর্তমানে প্রায় সোয়া চার লাখ শিক্ষক রয়েছে জানিয়ে মোস্তাফিজুর রহমান বলেন, 'আমাদের প্রাথমিক শিক্ষার আকার বিশাল। দেশের এমন কোন ইউনিয়ন নেই যেখানে ৫/৭টি প্রাথমিক বিদ্যালয় পাওয়া যাবে না। এরপরও আমরা মনে করি সরকারের একার পক্ষে সব কাজ করা যায় না। এর জন্য স্বেচ্ছাসেবীদের সহায়তার প্রয়োজন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জয়যাত্রা ফাউন্ডেশনের সভাপতি ও ব্যবসায়ী হেলেনা জাহাঙ্গীর, জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য আবদুস সবুর আসু, ব্যবসায়ী আবুল হোসেন উপবৃত্তি : পৃষ্ঠা : ২ ক : ১

**উপবৃত্তি : দেয়া**

(১৬ পৃষ্ঠার পর)

আয়োজক সংগঠনের সভাপতি এসটি শাহীন, এবিএম শাহজাহান মাসুম, এবিএম সিদ্দিক চৌধুরী রাব্বি প্রমুখ। অন্য বক্তারা বলেন, দেশে বিপুলসংখ্যক পথশিশু রয়েছে, যারা অবহেলিত ও সুবিধাবঞ্চিত। এসব শিশুকে শিক্ষার আওতায় এনে পথশিশুমুক্ত বাংলাদেশ গড়তে হবে। পথশিশুদের শিক্ষিত করতে পারলে, তারা দেশের বোঝা নয় সম্পদে পরিণত হবে।